আলমডাঙ্গায় মোটরসাইকেল দুর্ঘটনা; এসআই হাদিউজ্জামান গুরুত্বর আহত

চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা আঞ্চলিক সড়কে মোটরসাইকেল দুর্ঘটনায় আলমডাঙ্গা থানা পুলিশের উপ-পরিদর্শক (এসআই) হাদিউজ্জামান গুরুতর আহত হয়েছেন। তাকে স্থানীয়রা উদ্ধার করে স্থানীয় ফাতেমা ক্লিনিকে নেয়। পরে সেখানে তার অবস্থা খারাপ হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

আজ বুধবার (৩০ আগস্ট) দুপুর দেড়টার দিকে আলমডাঙ্গা পৌর এলাকার উত্তরা তেলপাম্প সংলগ্ন স্থানে এই দুর্ঘটনা ঘটে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক ওসি বিপ্লব কুমার নাথ সত্যতা নিশ্চিত করে জানান, আহত ওই পুলিশ সদস্য চুয়াডাঙ্গায় অফিসিয়াল কাজে মোটরসাইকেলে নিয়ে যাচ্ছিলো। সে চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা আঞ্চলিক সড়কের উত্তরা তেলপাম্পের নিকট হঠাৎ নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সাথে ধাক্কা লেগে দুর্ঘটনায় পতিত হন। স্থানীয়রা উদ্ধার করে প্রথমে ফাতেমা ক্লিনিকে নেয়। তার অবস্থা আশঙ্কা জনক হওয়া কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

গাংনীতে আইন শৃঙ্খলা কমিটির সভা অনুষ্ঠিত

গাংনীতে উপজেলা চোরাচালান ও আইন-শৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ বুধবার (৩০ আগস্ট) সকাল সাড়ে দশটার সময় উপজেলা পরিষদ সভাকক্ষে চোরাচালান ও আইন-শৃঙ্খলা কমিটির মাসিক এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকী সেতুর সভাপতিত্বে

অনুষ্ঠিত এই সভায় গাংনী উপজেলা চেয়ারম্যান ও আইনশৃঙ্খলা কমিটির উপদেষ্টা এম এ খালেক, পৌরসভার মেয়র আহমেদ আলী, গাংনী উপজেলা সহকারী কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম, উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা সুপ্রভাত রানি,গাংনী থানার ওসি (তদন্ত) মনজিৎ কুমার নন্দি, কাথুলী ইউপি চেয়ারম্যান মিজানুর রহমান, বামন্দি ইউপি চেয়ারম্যান ওবায়দুর রহমান কমল, কাজীপুর ইউপি চেয়ারম্যান মুহা. আলম হুসাইন, তেঁতুলবাড়িয়া ইউপি চেয়ারম্যান নাজমুল হুদা বিশ্বাস, গাংনী উপজেলা সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মুনতাজ আলীসহ বিজিবি,সরকারি কর্মকর্তা বৃন্দ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে ৩ মাসের সাজাপ্রাপ্তসহ ৪ জন গ্রেফতার

৩ মাসের সাজাপ্রাপ্ত একজনসহ বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৪ আসামি গ্রেফতার করেছে মেহেরপুর সদর থানা পুলিশ।

আজ বুধবার (৩০ আগস্ট) সকাল ১০ টার দিকে সদর থানা পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়।

গ্রেফতারকৃত আসামিরা হলেন, ৩ মাসের সাজাপ্রাপ্ত পলাতক আদালতের পরোয়ানাভূক্ত সিআর ১৪৩১/২০ নং মামলার আসামি সদর উপজেলার মনোহারপুর গ্রামের ইদ্রিস হোসেনের ছেলে জাহাঙ্গীর হোসেন ওরফে জেবু, আদালতের পরোয়ানাভূক্ত সিআর ৪০৫/২৩ নং মামলার আসামি মেহেরপুর শহরের মল্লিকপাড়া এলাকার মফিজুর রহমানের স্ত্রী মোছা: মাহফুজা সুলতানা, সিআর ৮৫৫/২৩ নং মামলার আসামি সদর উপজেলার পুরাতন মদনাডাঙ্গা গ্রামের বরকত আলীর স্ত্রী মাছুরা খাতুন ও সিআর ৮৫৪/২৩ নং মামলার আসামি সদর উপজেলার খোকসা গ্রামের বক্কার মোল্ল্যার ছেলে পাপন মোল্ল্যা।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম এতথ্য নিশ্চিত করেন।

তিনি বলেন, সদর থানা পুলিশের পৃথক টিম অভিযান চালিয়ে এসব আসামি

গ্রেফতার করেন।

গ্রেফতারকৃত আসামিদের আজ বুধবার (৩০ আগস্ট) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

মেহেরপুরে ৭ গ্রাম হেরোইনসহ ৩ মাদক কারবারি আটক

৭ গ্রাম হেরোইনসহ ৩ মাদক কারবারিকে আটক করেছে মেহেরপুর সদর উপজেলার সাহেবপুর ফাঁড়ি পুলিশ।

আটক মাদক কারবারিরা হলেন, সদর উপজেলার পিরোজপুর গ্রামের ইয়াকুব আলীর ছেলে আলাহামদু (২৭) একই গ্রামের হঠাৎপাড়ার মৃতু প্রভাস বিশ্বাসের ছেলে শ্রী রবিন কুমার বিশ্বাস (৪৫) ও আব্দুস সাত্তার মোল্ল্যার ছেলে ডাবলু মোল্ল্যা (৩৫)।

গতকাল মঙ্গলবার (২৯ আগস্ট) দিবাগত রাত ২ টার দিকে একই উপজেলার আশরাফপুর জামতলার মোড় নামক স্থানে ইজিবাইক চেক করে ৭ গ্রাম হেরোইনসহ ওই তিনজনকে আটক করে সাহেবপুর ফাঁড়ি পুলিশের ইনচার্জ উপপরিদর্শক (এসআই) বিকাশ চন্দ্র বিশ্বাসের নেতৃত্বে একদল পুলিশ।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ সাইফুল ইসলাম এতথ্য নিশ্চিত করেন।

এসআই বিকাশ চন্দ্র বলেন, রাত ২ টার দিকে আশরাফপুর গ্রামের জামতলার মোড় নামক স্থানে টহল পুলিশের সামনে দিয়ে ইজিবাইকে চড়ে তিন মাদক কারবারি যাচ্ছিলেন। এসময় তাদের চ্যালেঞ্জ করলে পালিয়ে যাওয়ার চেষ্টা করেন। এসময় তাদের আটক করে পকেট থেকে ৭ গ্রাম হেরোইন উদ্ধার করা হয়।

হেরোইন উদ্ধারের ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনের ৩৬(১) স্বারণীর ৮(ক)/৪১ ধারায় মেহেরপুর সদর মামলা করা হয়েছে। মামলা নং ৪৯।

আটককৃত তিন মাদক কারবারিকে আজ বুধবার (৩০ আগস্ট) দুপুরের দিকে আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানা পুলিশের আয়োজনে শোক দিবসের আলোচনা সভা

দামুড়হুদা মডেল থানা পুলিশের উদ্যোগে ১৫ আগস্ট জাতীয় শোক দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার বেলা ১১টার সময় দামুড়হুদা মডেল থানা চত্বরে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার আব্দুল্লাহ আল মামুনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-২ আসনের সংসদ সদস্য হাজী মোঃ আলী আজগার টগর।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন,যার জন্ম না হলে এ দেশ স্বাধীন হতো না এবং আজও আমরা পাকিস্তানের দাসত্বের নিগড়ে আবদ্ধ থাকতাম, ইতিহাসের মহামানব সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি বাংলাদেশের নির্যাতিত-নিপীড়িত মানুষের শ্রেষ্ঠবন্ধু জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে আমরা এই আগস্ট মাসে হারিয়েছি। শোকাবহ আগস্টের সেই কালরাতে ঘাতকের নির্মম বুলেটে প্রাণ হারিয়েছেন বঙ্গমাতা ফজিলাতুন্নেছা মুজিবসহ জাতির পিতার পরিবারের অন্যান্য সদস্যগণ-তাদের সকলকে বিনম্র শ্রদ্ধায় স্মরণ করি দৃঢ় নীতি, আদর্শ ও সঙ্কল্পবোধ নিয়ে তিনি যুদ্ধবিধ্বস্ত স্বাধীন ও সার্বভৌম গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ গঠনে অগ্রসর হয়েছিলেন। কিন্তু জাতীয়-আন্তর্জাতিক ষড়যন্ত্রে খুনিচক্র তাকে দেশের অভ্যন্তরে সপরিবারে হত্যা করে। জাতির জনককে সপরিবারে হত্যা করেই খুনিচক্র ক্ষান্ত হয়নি। একই বছরের ৩ নভেম্বর আওয়ামী লীগকে নেতৃত্ব শূন্য করার জন্য কারাগারের অন্ধকার প্রকোষ্ঠে-বঙ্গবন্ধুর অবর্তমানে যারা বারবার নেতৃত্ব দিয়েছেন-জাতীয় চার নেতাকে নিষ্ঠুরভাবে হত্যা করা হয়।

এ হত্যাকাণ্ডের উদ্দেশ্য ছিল জাতীয় রাজনীতিতে নেতৃত্ব শূন্যতা

তৈরি করা। কিন্তু ঘাতকচক্রের ষড়যন্ত্র আমরা সফল হতে দেইনি। আওয়ামী লীগের রক্তে ভেজা পতাকা দলীয় ও জাতীয় ঐক্যের প্রতীক বঙ্গবন্ধু কন্যা শেখ হাসিনার হাতে আমরা তুলে দিয়ে সেদিন আমরা ঐতিহাসিক ভূমিকা পালন করেছিলাম। আজ তা প্রমাণিত। জাতির জনক অর্থনৈতিক উন্নয়নের যে ভিত্তিভূমি তৈরি করে দিয়ে গেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা সেই ভিত্তির উপর দাঁড়িয়ে বঙ্গবন্ধুর চেতনা ধারণ করে, শোককে শক্তিতে পরিণত করেছেন। তিনি নিষ্ঠা, সততা ও সাহসের সাথে সব প্রতিকূলতা অতিক্রম করে বাংলাদেশকে উন্নয়নের রোল মডেলে পরিণত করে বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলায় রূপান্তরিত করতে জাতিকে সাফল্যের সাথে এগিয়ে নিয়ে যাচ্ছেন।

উক্ত অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার (দামুড়হুদা সার্কেল) জাকিয়া সুলতানা, দামুড়হুদা উপজেলা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক হাজী শহিদুল ইসলাম, উপজেলা কমান্ডার বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দিন, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) আলমগীর কবির, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি এম নুরুন্নবী। ওসি অপারেশন শফিউল আলম, সদর ইউনিয়ন চেয়ারম্যান হযরত আলী, জুড়ানপুর ইউনিয়ন চেয়ারম্যান সোহরাব হোসেন, হাউলী ইউনিয়ন চেয়ারম্যান ভারপ্রাপ্ত নিজাম উদ্দিন, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, দামুড়হুদা মডেল মসজিদের ইমাম মাওলানা মুফতি মামুনুর রশিদ, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক সাজু আহমেদ রিংকু সহ দামুড়হুদা মডেল থানার কর্মকর্তাগণ রাজনৈতিক নেতৃবৃন্দ ও সাংবাদিক বৃন্দ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দামুড়হুদা মডেল থানার সেকেন্ড অফিসার এসআই শেখর চন্দ্র মল্লিক।

মেহেরপুরে আত্মহনন প্রচেষ্টাকারীর ও

প্ররোচনাকারীর কারাদণ্ড

মেহেরপুরে বিষপানে আত্মহত্যার প্রচেষ্টা করায় রেক্সোনা নামের এক নারীকে ১ বছরের কারাদণ্ড এবং আত্মহত্যার প্ররোচনা দেওয়াতে লালমনি খাতুন নামের অপর নারীকে ছয় মাসের কারাদণ্ড দিয়েছেন আদালত।

গতকাল সোমবার (২৮ আগষ্ট) জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আমলী আদালত-২ গাংনী, মেহেরপুরের বিচারক তরিকুল ইসলাম এই রায় দেন। আদালত রায়ে আত্মহত্যার প্রচেষ্টাকারীকে ১ বছরের কারাদণ্ড ও ১০ হাজার টাকা জরিমানা অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদণ্ড এবং প্ররোচনাকারী হিসাবে তার মা লালমনি খাতুনকে ছয় মাসের সশ্রম কারাদণ্ড ও পাঁচ হাজার টাকা জরিমান, অনাদায়ে এক মাসের বিনাশ্রম কারাদন্ডের আদেশ প্রদান করেন।

বাংলাদেশের দন্ডবিধিতে আত্মহত্যার চেষ্টাকারীর শাস্তি দণ্ডবিধির ৩০৯ ধারায় এক বছর কারাদণ্ড এবং আত্মহত্যায় সহায়তা বা প্ররোচনাকারীকে দণ্ডবিধির ৩০৬ ধারা অনুযায়ী ১০ বছরের কারাদণ্ডের বিধান রয়েছে।

মেহেরপুরের গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের মোঃ মতিউর রহমানের ছেলে মোঃ মিজানুর রহমান একই গ্রামের প্রবাসী জিয়ারুল ইসলামের স্ত্রী মোছাঃ রেক্সোনা খাতুন এবং রেক্সোনার মা আরজ আলীর স্ত্রী মোছাঃ লালমনি খাতুন এর বিরুদ্ধে বাংলাদেশ দন্ডবিধি ১৯৩/৩০৯/৫০৬ (II) ১০৯ ধারায় ২০২২ সালের ২৮ এপ্রিল একটি মামলা দায়ের করে। মামলা তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও তিনজন সাক্ষীর স্বাক্ষর প্রমাণ শেষে অপরাধ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় আদালত এই রায় দেন।

মামলার বিবরণে জানা যায়, মামলার বাদী ও আসামিগণের বাড়ি একই গ্রামে। মামলার বাদী মোঃ মিজানুর রহমান মেসার্স মিজান গার্মেন্টস এন্ড হার্ডওয়ারের স্বত্বাধিকারী। মামলার এক নম্বর আসামি মোছাঃ রেকসানা খাতুন প্রবাসী জিয়ারুল ইসলামের স্ত্রী। প্রবাস থেকে জিয়ারুলের পাঠানো টাকা বিভিন্ন ভাবে অপব্যায় করে রেক্সোনা খাতুন। পরবর্তীতে রেক্সোনার স্বামী তার পাঠানো টাকার হিসাব চাইলে, মেসার্স মিজান গার্মেন্টস এন্ড হার্ডওয়ারের স্বত্বাধিকারী মিজানের কাছে টাকা জমা রাখার মিথ্যা গল্প সাজিয়ে ফাঁসানোর জন্য রেক্সোনা তার ফেসবুক আইডি থেকে টাকা পাবে বলে

মিথ্যা প্রচারণা চালায়।২০২২ সালের ২০ এপ্রিল রেক্সোনা মামলার বাদী মিজানুর রহমানের কাছে ২ লক্ষ টাকা পাবে দাবী করে তার মা লালমনি খাতুনের ইন্ধনে মিজানুর রহমানের দোকানে এসে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করলে স্থানীয় লোকজন রেক্সোনা খাতুন কে দ্রুত গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। এসময় রেক্সোনা সংবাদ সম্মেলনের মাধ্যমে বিভিন্ন মিথ্যা তথ্য প্রকাশ করে।

মিজানুর রহমান উক্ত সংবাদ প্রকাশের বিরুদ্ধে ২০২২ সালের ২৩ এপ্রিল সংবাদ সম্মেলন করে এবং বিভিন্ন পত্রিকায় প্রতিবাদ দেওয়া সহ আদালতে মামলাটি দায়ের করে।

ঝিনাইদহে ফেন্সিডিলসহ এক মাদক কারবারি আটক

ঝিনাইদহে যাত্রীবাহী বাসে তল্লাশি চালিয়ে ৭০ বোতল ফেন্সিডিলসহ এক মাদককারবারিকে আটক করেছে সদর থানা পুলিশ।

মঙ্গলবার (২৯ আগস্ট) সকালে ঝিনাইদহ-ঢাকা মহাসড়কের পলিটেকনিক ইনস্টিটিউট এলাকায় একটি বাস থেকে তাকে আটক করা হয়।

পুলিশ জানায়, থানার উপ-পরিদর্শক মোমিনুর রহমানের নেতৃত্বে সদর থানা পুলিশের একটি টিম ওই এলাকায় নিয়মিত তল্লাসী অভিযান চালিয়ে খান পরিবহনের যাত্রীবাহী বাস থেকে বাসের যাত্রী মাগুরা জেলার মোহাম্মদপুর উপজেলার বলরামপুর গ্রামের আমজাদ হোসেনের ছেলে সুমন মিয়াকে (৩০) তল্লাশি করে বিশেষ কায়দায় রাখা ৭০ বোতল ফেন্সিডিল উদ্ধার করা হয়। এসময় তাকে আটক করা হয়।

ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মোহাম্মদ সোহেল রানা বিষয়টি নিশ্চিত করে জানান, আটক সুমন মিয়ার বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা দায়ের করা হয়েছে

মেহেরপুরে ভোক্তা অধিকারের অভিযান, ডাবসহ ৪ দোকানে জরিমানা আদায়

মেহেরপুরে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের অভিযানে একটি ডাবের দোকানসহ ৪ দোকানে ৬ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

আজ মঙ্গলবার (২৯ আগস্ট) বেলা দেড়টার দিকে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহম্মেদ মেহেরপুর পশুহাট ও বড়বাজার এলাকায় এই অভিযান পরিচালনা করেন।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মেহেরপুর জেলা কার্যালয়ের সহকারি পরিচালক সজল আহম্মেদ জানান, বড় বাজার এলাকায় ডাব বিক্রেতা সোহেল আহম্মেদ ডাবের ভাউচার সংরক্ষন না করা ও মুল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ১ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

এছাড়া পশু হাটপাড়া এলাকায় মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখা ও মুল্য তালিকা প্রদর্শন না করার অপরাধে মেসার্স রানা স্টোরকে ২ হাজার, একই অপরাধে ও একই আইনে মেসার্স আসিফ স্টোরকে ২ হাজার ও মুল্য তালিকা প্রদর্শনা না করার অপরাধে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ আইনের ৩৮ ধারায় মেসার্স শুভ স্টোরকে ১ হাজার টাকা জরিমানা আদায় করা হয়েছে।
এসময় বড় বাজার, হোটেল বাজার এলাকায় বিভিন্ন দোকানে শতর্ক করা হয়েছে।

এসময় জেলা মার্কেটিং অফিসার আব্দুর রাজ্জাক ও সদর উপজেলা স্যানেটারি অফিসার তারিকুল ইসলাম উপস্থিত ছিলেন।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ১০ আসামি

মেহেরপুরে পুলিশের ১২ ঘন্টার নিয়মিত অভিযানে বিভিন্ন মামলার ১০ জন আসামি গ্রেফতার করা হয়েছে।

এদের মধ্যে সদর থানা পুলিশের অভিযানে নিয়মিত মামলা ও আদালতের পরোয়ানাভূক্ত ৭ আসামি, গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ১ ও মুজিবনগর থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ২ আসামি রয়েছে।

সোমবার (২৮ আগস্ট) দিবাগত রাতে অভিযান চালিয়ে আজ মঙ্গলবার ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে পুলিশের পৃথক অভিযানে এসব আসামি গ্রেফতার হয়েছে। সংশ্লিষ্ট থানাগুলো এই তথ্য নিশ্চিত করেছেন।

সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক ও মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেলের নেতৃত্বে পুলিশের একাধিক টিম অভিযান চালান।

আজ মঙ্গলবার (২৯ আগস্ট) বেলা ১১ টার দিকে গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দর্শনায় এক সপ্তাহের মধ্যে দুইটি সরকারি প্রতিষ্ঠানের

দুঃসাহসিক চুরি

দর্শনা পৌরসভার চুরির রেশ কাটতে না কাটতে দর্শনা সরকারি কলেজে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। দুদফায় সঙ্গবদ্ধ চোরেরা ১৬ টি সিলিং ফ্যান ও ৬/৭ কোয়েল মোটা বিদ্যুতের তামার তার চুরি করে নিয়ে গেছে।

শনিবার ও গত রবিবার এই চুরির ঘটনা ঘটে। এ ঘটনায় রবিবার দর্শনা সরকারি কলেজের প্রিন্সিপাল প্রফেসর মোঃ রেজাউল করিম বাদী হয়ে দর্শনা থানায় একটি সাধারণ ডায়েরি করেছেন। খবর পেয়ে দর্শনা থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। তবে ঘটনায় এখনো পর্যন্ত কাউকে আটক করতে পারেনি পুলিশ।

সাধারণ ডায়েরি সূত্রে জানা গেছে,গত রোববার রাতে চোরেরা কলা ভবন থেকে নতুন ভবন পর্যন্ত প্রায় ৬/৭ কয়েল বিদ্যুতের বড় তার চুরি করে নিয়ে যায়। গত শনিবার রাতে আবারো দ্বিতীয় দফা সঙ্গবদ্ধ চোরেরা কলেজের নতুন ভবনের পিছন দিক থেকে প্রাচীর টপকে ভিতরে প্রবেশ করে। প্রথম তলার পিছন দিক থেকে সানসেট বেয়ে ২য় তলায় ভবনে প্রবেশ করে রুমের তালা ভাঙ্গে। এরপর একে একে তৃতীয় তলা চতুর্থ তলা ও পঞ্চম তলা রুমে তালা ভেঙ্গে রুমের ভিতরের ১৬ টি সিলিং ফ্যান চুরি করে নেয়। এছাড়া বেসিংয়ের ট্যাপ সহ বিভিন্ন জিনিসপত্র নেয়। চুরি শেষে আবার ভবনের পিছন দিক থেকে নির্বিয়ের চলে যায়। রোববার চুরির হওয়ার ঘটনায় দর্শনা থানায় একটি সাধারণ ডায়েরি করা হয়েছে।

এ বিষয়ে দর্শনা সরকারি কলেজের প্রিন্সিপাল প্রফেসর মোঃ রেজাউল করিম বলেন , দর্শনা সরকারি কলেজে কলা ভবনের শেষে নতুন ৬ তালা ভবন তৈরি হয়েছে। এই ভবনের প্রথম তালার প্রথমে সামনে ও দুই সাইডে গ্রিল দিয়া আছে। কিন্তু দ্বিতীয় তলা থেকে পঞ্চম তলা পর্যন্ত সামনে এবং পিছনে দুই সাইডে কোথাও গ্রিল দেয়া নেই। এই সুযোগ কাজে লাগিয়ে সংঘবদ্ধ ভাবে এগুলো চুরি করেছে। চুরি হওয়ার পর আমি কলেজের নাইটগার্ডের সাথে কথা বলি। তারা বলে বলেছে এখানকার স্থানীয় কিছু বকাটেরা।প্রতিনিয়তই রাতে দিনের কলেজের ভিতরে বিভিন্ন ভাবে প্রবেশ করে ভয়-ভীতি দেখায়। কলেজের ভিতরে মধ্যে দুই দুই বার চুরির ঘটনা আমি উদ্বিগ্ন। দর্শনা থানা একটি সাধারণ ডায়েরি করা হয়েছে। আশা করি পুলিশ এই চোরদের ধরতে সক্ষম হবে। পৌরসভার বিভিন্ন মহল্লায় প্রতিনিয়ত চুরির ঘটনা ঘটলো এ পর্যন্ত চুরির যাওয়া মালামাল উদ্ধার বা কোন চোরকে গ্রেফতার করতে পারে

নাই।

এ বিষয়ে দর্শনা থানার অফিসার ইনচার্জ (ওসি) বিপ্লব কুমার সাহা বলেন, চুরির ঘটনা জানতে পেরে থানা পুলিশের একটি টিম ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ ঘটনার সাথে জড়িতদের ধরতে পুলিশ অভিযান অব্যাহত রয়েছে।